

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৯২

আগরতলা, ০৩ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা**

**আগরতলা পুরনিগমের পূর্ব জোনভিত্তিক বিকাশ শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতিঘরে সুশাসন ২.০ অভিযানে আজ আগরতলার ধলেশ্বরস্থিত পিএম-শ্রী কামিনী কুমার মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে সুশাসন ও বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। আগরতলা পুরনিগমের পূর্ব জোনভিত্তিক এই শিবিরের উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। শিবিরে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য, সমাজসেবী নবেন্দু ভট্টাচার্য, আগরতলা পুরনিগমের পূর্ব জোনের চেয়ারম্যান সুখময় সাহা, পুর নিগমের অতিরিক্ত কমিশনার মোহম্মদ সাজ্জাদ পি, সমাজসেবী চন্দ্র শেখর দেব, সমাজসেবী চিত্তরঞ্জন দেব প্রমুখ। শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের পর অতিথিগণ প্রদর্শনী স্টলগুলি পরিদর্শন করেন।

শিবিরের উদ্বোধন করে মেয়র দীপক মজুমদার বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকার প্রতিটি মানুষের ঘরে সরকারি বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যেই এই শিবিরের আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলির সুবিধা মানুষের কাছে পৌঁছে দিতে গত ১৫ নভেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করেন। সেই সাথে রাজ্যেও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানেরও সূচনা হয়েছে। এই দুই কর্মসূচির লক্ষ্য এখনও যারা সরকারি প্রকল্পগুলি থেকে বঞ্চিত রয়েছেন তাদের কাছে প্রকল্পগুলির সুবিধা পৌঁছে দেওয়া। তিনি বলেন, শিবিরে আসা নাগরিকরা যাতে সরকারি প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত না হন সেদিকে লক্ষ্য রাখতে হবে। স্বাগত বক্তব্য রাখেন সহকারি পুর কমিশনার শান্তনু বিকাশ দাস।

শিবিরে খুশি স্বসহায়ক দল ও অবতার স্বসহায়ক দলকে ১০ হাজার টাকা করে বিভলভিৎ ফান্ড দেওয়া হয়। তাছাড়া দিশারী স্বসহায়ক দলকে ১ লক্ষ টাকার ঋণ মঞ্জুরীপত্র দেওয়া হয়। অতিথিগণ স্বসহায়ক দলের প্রতিনিধিদের হাতে এই সহায়তাগুলি তুলে দেন। শিবিরে পশ্চিম ত্রিপুরা জেলা উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ কার্যালয় থেকে ৫২ জন কৃষককে শীতকালীন সর্জীর চারা দেওয়া হয়েছে। মৎস্য দপ্তর থেকে ১ জন মৎস্যচাষিকে মাছের খাবার দেওয়া হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর থেকে পুরনিগমের পূর্ব জোনের ১১টি ওয়ার্ডে ১টি করে ফুটবল, ভলিবল ও ভলিবল নেট দেওয়া হয়েছে।

\*\*\*\*\*